



বাংলাদেশ স্ট্যান্ডার্ডস এন্ড টেস্টিং ইনস্টিটিউশন
শিল্প মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সিএম, প্রধান কার্যালয়
www.bsti.gov.bd
মান ভবন, ১১৬/ক, তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা-১২০৮।



নম্বর: ৩৬.০৫.০০০০.৩০২.৫১.০০২.২২.১৬৩৫

তারিখ: ১১ শ্রাবণ ১৪৩০ বঙ্গাব্দ
২৬ জুলাই ২০২৩ খ্রিস্টাব্দ

প্রাপক:

ব্যবস্থাপনা পরিচালক, ওয়ালটন হাই-টেক ইন্ডাস্ট্রিজ পিএলসি, চন্দ্রা, কালিয়াকৈর, গাজীপুর।

বিষয়: আমদানিকৃত পণ্যের অনুকূলে অনাপত্তি প্রদান প্রসঙ্গে।

প্রিয় মহোদয়,

উপর্যুক্ত বিষয়ে আপনার গত ১৭-০৭-২০২৩ খ্রিঃ তারিখের পত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, 'এয়ার কন্ডিশনার' বিএসটিআই'র বাধ্যতামূলক ২৩৯ টি পণ্যের আওতাভুক্ত। আমদানি নীতি আদেশ, ২০২১-২০২৪ এর আওতাভুক্ত হওয়ায় উক্ত পণ্য বিক্রি-বিতরণের উদ্দেশ্যে আমদানি করা হলে কাস্টম কর্তৃপক্ষের চূড়ান্ত শুল্কায়নের পূর্বে বিএসটিআই হতে ছাড়পত্র গ্রহণের বাধ্যবাধকতা রয়েছে। কিন্তু আপনার প্রতিষ্ঠান কর্তৃক এলসি নং ০৯৪৩২৩১৫০২৮৯; তারিখ: ১৭/০৪/২০২৩ খ্রিঃ, বিল অব এন্ট্রি নং- সি ৫৭১৯৭৬; তারিখ: ১৬/০৭/২০২৩ খ্রিঃ এর মাধ্যমে আমদানিকৃত এয়ার কন্ডিশনার পণ্যের ইনডোর ইউনিট (পরিমাণ: ৫ পিছ) পণ্য কেবলমাত্র নিজস্ব গবেষণা উন্নয়ন কাজে ব্যবহার করা হবে মর্মে নন-জুডিশিয়াল স্ট্যাম্পে অঙ্গীকারনামা দাখিল করেছেন।

এমতাবস্থায়, বর্ণিত চালানের মাধ্যমে আমদানিকৃত এয়ার কন্ডিশনার পণ্যের ইনডোর ইউনিট (পরিমাণ: ৫ পিছ) বিক্রি-বিতরণ করা হবে না বিষয়ে উক্ত পণ্যের অনুকূলে বিএসটিআই'র ছাড়পত্র গ্রহণের প্রয়োজন নেই।

আপনার বিশ্বস্ত

২৬-০৭-২০২৩

মোঃ নুরুল আমিন
পরিচালক

নম্বর: ৩৬.০৫.০০০০.৩০২.৫১.০০২.২২.১৬৩৫/১ (১)

তারিখ: ১১ শ্রাবণ ১৪৩০ বঙ্গাব্দ
২৬ জুলাই ২০২৩ খ্রিস্টাব্দ

অবগতি ও প্রয়োজনীয় প্রয়োজ্য ক্ষেত্রে ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হইল

১। কমিশনার অব কাস্টমস, কাস্টম হাউজ, ঢাকা।



৩১-০৭-২০২৩

খালিদ রেজা চৌধুরী
সহকারী পরিচালক